HM Government

# দ্য উইন্ডরাশ হেল্প টিম

## আপনাকে এবং আপনার পরিবারের সাহায্য করার জন্য উপস্থিত



**যদি আপনি বা আপনার বাবা-মা ১৯৭৩ সালের আগে কোনও কমনওয়েলথ দেশ থেকে ইউকে-তে এসেছেন অথবা আপনি যদি ১৯৮৮ সাল শেষ হওয়ার আগে কোনও দেশ থেকে ইউকে-তে এসেছেন তাহলে আপনার আইনি অবস্থা প্রমাণিত করার দলিলপত্র পেতে আমরা হয়তো আপনার সাহায্য করতে পারব। আপনার যা ক্ষতিপূরণ গ্রহণ করার অধিকার আছে তা ক্লেম করতেও আমরা হয়তো আপনার সাহায্য করতে পারব।**



## কে সহায়তা পেতে পারেন

যদি আপনি ইউকে-তে আপনার আইনি অবস্থা সম্পর্কে বিভ্রান্ত বা অনিশ্চিত হন তাহলে আপনি হয়তো সাহায্য পেতে পারেন। যদি আপনার আইনি অবস্থা প্রমাণিত না করতে পারার কারণে আপনার লোকসান হয়েছে তাহলেও আপনি হয়তো সাহায্য পেতে পারেন। এটা প্রযোজ্য হয় যদি:

- আপনি বা আপনার বাবা-মা ১৯৭৩ সালের আগে কোনও কমনওয়েলথ দেশ থেকে ইউকে-তে এসেছিলেন
- ১৯৮৮ সাল শেষ হওয়ার আগে আপনি কোনও দেশ থেকে ইউকে-তে এসেছিলেন
- কিছু নাতি-নাতনি এবং কাছের আত্মীয়-স্বজনও হয়তো ক্ষতিপূরণ ক্লেম করতে পারেন।

## ইউকে-তে থাকার আপনার অধিকার প্রমাণিত করার জন্য আপনি কিভাবে দলিলপত্র পেতে পারেন?

অনেক বছর আগে আইনত ইউকে তে সেটেল করেছেন এমন কিছু লোকদের কাছে তাদের এখানে থাকার এবং কাজ করার আইনি অধিকার প্রমাণিত করার জন্য কোনও দলিলপত্র নেই। সরকারের উইন্ডরাশ হেল্প টিম লোকদেরকে বিনামূল্য এই দলিলপত্র পেতে সাহায্য করে।

## আপনি কোন জিনিসের জন্য ক্ষতিপূরণ ক্লেম করতে পারেন?

ক্ষতিপূরণ ক্লেম করার জন্য ও উইন্ডরাশ হেল্প টিম লোকদের সাহায্য করে। আপনার ইউকে-তে থাকার অধিকার প্রমাণিত না করতে পারার কারণে যদি আপনি চাকরি এবং স্বাস্থ্য পরিষেবার মতন জিনিস হারিয়েছেন তাহলে আপনার কাছে হয়তো ক্ষতিপূরণ ক্লেম করার অধিকার থাকতে পারে।

আপনি হয়তো ক্ষতিপূরণ ক্লেম করতে পারেন যদি আপনি:

- চাকরি বা আবাসন বা স্বাস্থ্য পরিষেবা কিংবা শিক্ষা বা ব্যাংকিং বা বেনিফিট কিংবা ড্রাইভিংয়ের অ্যাক্সেস হারিয়েছেন
- ব্যর্থ অভিবাসন আবেদনের কারণে আপনাকে খরচ পরিশোধ করতে হয়েছে
- আপনাকে হেফাজতে রাখা হয়েছিল বা বিতাড়িত কিংবা অপসারিত করা হয়েছিল অথবা আপনার দৈনিক জীবন প্রভাবিত হয়েছিল

# এমন সকল লোকদের উদাহরণ যাদেরকে উইন্ডরাশ স্কিমের মাধ্যমে সাহায্য করা হয়েছে

## ক্রিস্টোফার

ক্রিস্টোফারের বাবা ১৯৭০ সালে গ্রেনাডা থেকে ইউকে-তে এসেছিলেন। ক্রিস্টোফার আট বছর বয়সে তার মায়ের সঙ্গে ইউকে-তে এসেছিলেন। সেই থেকে তিনি ইউকে-তে বসবাস করছেন। ক্রিস্টোফারের বাবা-মা অনেক বছর আগে মারা গেছেন। ক্রিস্টোফার এনএইচএস-এর জন্য কাজ করেন। ব্রিটিশ নাগরিকতা পাওয়ার জন্য ক্রিস্টোফার উইন্ডরাশ স্কিম থেকে সাহায্য চেয়েছিলেন।

তার বাবা-মায়ের বিষয়ে কিছু নির্দিষ্ট বিবরণ তার মনে ছিল না যেমন তারা কবে ইউকে-তে এসেছিলেন এবং তাদের অবস্থা কী ছিল। উইন্ডরাশ স্কিম ক্রিস্টোফার এবং তার বাবা-মায়ের বিষয়ে তথ্য সন্ধান করেছিল যাতে তিনি প্রমাণিত করতে পারেন যে তার কাছে ইউকে-তে থাকার অনুমতি আছে। তারা সরকারি রেকর্ড খুঁজে পেয়েছিলেন যার ভিত্তিতে দেখা যায় যে ইউকে-তে আসার পর ক্রিস্টোফারের বাবা-মা এখানেই থেকেছেন এবং তার বাবা ১৯৭৩ সালের আগে থেকে এখানে কাজ করছিলেন। এর ভিত্তিতে দেখা গেছে যে তার বাবা ১ জানুয়ারি ১৯৭৩-এর আগে থেকে সেটেলড ছিলেন।

**ক্রিস্টোফারকে ব্রিটিশ নাগরিকতা দেওয়া হয়েছে।**

## প্যাট্রিসিয়া

প্যাট্রিসিয়া ১৯৬৩ সালে পাঁচ বছর বয়সে তার বাবা-মায়ের সঙ্গে জ্যামাইকা থেকে ইউকে-তে এসেছিলেন। তখন থেকে তিনি ইউকে-তে বসবাস করছেন। তার কাছে যে ইউকে-তে থাকার অনুমতি আছে তা প্রমাণিত করার জন্য তার কাছে কিছুই নেই।

প্যাট্রিসিয়া উইন্ডরাশ স্কিমের সঙ্গে যোগাযোগ করেছিলেন। তারা তাকে বোঝালেন যে তিনি কিভাবে আবেদন করতে পারেন। তার সাহায্য করার জন্য তারা সরকারি রেকর্ডে তার অবস্থান এবং দীর্ঘ বসবাসের প্রমাণ সন্ধান করেছিলেন।

**তাকে বিনামূল্যে এবং কোনও অতিরিক্ত পরীক্ষা ছাড়া ব্রিটিশ নাগরিকতা দেওয়া হয়েছে।**

## সন্দীপ

সন্দীপ ১৯৭০ সালে ২০ বছর বয়সে ভারত থেকে ইউকে এসেছিলেন। তিনি ইউকে-তে একটি ব্যবসা শুরু করেছিলেন। ২০০৮ সালে তার বৃদ্ধ বাবা-মায়ের দেখাশোনা করার জন্য তিনি ভারতে ফিরে যান। কিন্তু তিনি ইউকে-তে তার ব্যবসাকে সক্রিয় রেখেছিলেন। তার দুই বাচ্চা এবং তাদের পরিবার এখনও এখানে থাকে এবং তিনি নিয়মিতভাবে ইউকে ভিজিট করেন।

ভারতে সন্দীপের বাবা-মা মারা যাওয়ার পর তিনি ইউকে-তে ফেরত এসে থাকতে চেয়েছিলেন। তিনি ছয় মাসের একটি ভিসা নিলেন এবং আসার পর সাহায্যের জন্য উইন্ডরাশ স্কিমের সঙ্গে যোগাযোগ করলেন।

**ইউকে-র সঙ্গে তার গভীর সম্পর্কের কারণে সন্দীপকে 'ইনডেফিনেট লিভ টু রিমেন' দেওয়া হয়েছে।**

## ইভন

ইভন ৭৫ বছর বয়সী এবং তিনি ১৯৬৬ সালে তার স্বামীর সঙ্গে এসেছিলেন। তাদের দুইটি সন্তান আছে যাদের জন্ম ইউকে-তে হয়েছিল এবং তারা এখনও এখানেই থাকেন। ইভন এবং তার স্বামী উভয় ২০০৮ সালে অবসর গ্রহণ করার পর নাইজেরিয়া চলে গিয়েছিলেন। তারপর তিনি প্রায়ই তার পরিবারের সঙ্গে দেখা করার জন্য ইউকে ভিজিট করেছেন।

তার স্বামীর মৃত্যুর পর ইভন ইউকে-তে ফেরত এসে তার মেয়ের সঙ্গে থাকতে চেয়েছিলেন।

ইউকে-র সঙ্গে তার গভীর সম্পর্কের কারণে উইন্ডরাশ টিম ইভন-কে একটি 'রিটার্নিং রেসিডেন্ট ভিসা' পেতে সাহায্য করেছে। এখন ইউকে-তে ফিরে আসার পর তাকে আরেকটি অতিরিক্ত দলিল প্রদান করা হয়েছে যা প্রমাণিত করে যে তিনি এখন ইউকে-তে 'সেটেলড' আছেন।

### আরও জানতে উইন্ডরাশ হেল্প টিমের সঙ্গে যোগাযোগ করুন

আপনি আমাদেরকে যা বলবেন তা সমস্ত কিছু সংবেদনশীলতার সাথে সামলানো হবে এবং ইমিগ্রেশন এনফোর্সমেন্টকে আপনার কোনও তথ্য প্রদান করা হবে না।

**বিনামূল্যে হেল্পলাইনকে কল করুন: 0800 678 1925**

**ভিজিট করুন: GOV.UK/WindrushHelpTeam**

**আরও জানতে উইন্ডরাশ হেল্প টিমের সঙ্গে যোগাযোগ করুন**

**বিনামূল্য হেল্পলাইনকে কল করুন: 0800 678 1925**

**ভিজিট করুন: GOV.UK/WindrushHelpTeam**

আপনি আমাদেরকে যা বলবেন তা সমস্ত কিছু সংবেদনশীলতার সাথে সামলানো হবে এবং ইমিগ্রেশন এনফোর্সমেন্টকে আপনার কোনও তথ্য প্রদান করা হবে না।